

ভর্তির নিয়মাবলী—

ভর্তির আবেদন পত্র বিদ্যালয় থেকে সংগ্রহ করতে হবে।

ভর্তির আবেদন পত্রের সাথে জন্মের প্রমাণ পত্র (সরকারী) প্রত্যায়িত নকল, তিন কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি ও অ্যাডমিশন ফি বিদ্যালয়ে জমা দিতে হবে।

শিক্ষাবর্ষ :- জানুয়ারী মাসের প্রথম সপ্তাহ থেকে শিক্ষাবর্ষ শুরু হবে। সপ্তাহে সোম থেকে শুক্রবার এই পাঁচদিন বিদ্যালয় খোলা থাকে।

ভর্তির বয়স :- কেজি-১ এর জন্য - ভর্তির বৎসরে

১লা জানুয়ারী শিশুর অন্তত তিন বছর ছয় মাস।

কেজি-২ এর জন্য - ভর্তির বৎসরে ১লা জানুয়ারী
শিশুর অন্তত চার বছর ছয় মাসের বেশী।


পোষাক—

ছেলেদের : হলুদ জামা, ব্লু প্যান্ট, টাই।

মেয়েদের : টিউনিক (হলুদ জামা, টাই)।

জুতো-মোজা : কালো জুতো, সাদা মোজা।

বেল্ট : বেল্ট



পঠন-পাঠন ও পালনীয় বিধি

- ১। প্রত্যেক ছাত্র-ছাত্রীকে বিদ্যালয়ের নির্দিষ্ট বিশেষ পোষাক পরিধান করে বিদ্যালয় ও বিভিন্ন অনুষ্ঠানে যোগাদান করতে হবে।
- ২। ছাত্র-ছাত্রীদের পোষাক পরিক্ষার ও ইন্সু হওয়া আবশ্যিক। তাদের পরিচ্ছদ ও শরীরের সর্বদা পরিচ্ছম রাখা প্রয়োজন।
- ৩। প্রত্যেক ছাত্র-ছাত্রীকে বিনীত, ন্যস্ত, সুশ্রেষ্ঠ ও সুরুচি সম্পন্ন হতে হবে।
- ৪। বিদ্যালয় ছুটি না হওয়া পর্যন্ত বিদ্যালয় পরিসরের বাইরে যাওয়ার অনুমতি দেওয়া হবে না।
- ৫। ছাত্র-ছাত্রীরা দেরী করে বিদ্যালয়ে এলে তাদের শ্রেণীকক্ষে প্রবেশের অনুমতি দেওয়া হবে না।
- ৬। অনুপস্থিতির কারণে জানিয়ে পিতা অথবা অভিভাবকের কাছ থেকে আবেদন পত্র নিয়ে আসতে হবে।
- ৭। অসুস্থ ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়ে উপস্থিত না হওয়া বাঞ্ছনীয়।
- ৮। বিদ্যালয়ের সহপাঠীগণের সঙ্গে ভ্রাতৃপূর্ণ এবং সৌহার্দ্যপূর্ণ ব্যবহার করা একান্ত প্রয়োজন। কোনোরূপ শ্রেণীভেদ জাতিভেদ জনিত মনোভাব যেন ছাত্র-ছাত্রীর মনকে কল্পুষ্ট না করে।
- ৯। অভিভাবকরা প্রধান শিক্ষক মহাশয়ের সঙ্গে সাক্ষাত করতে পারবেন-মাসের প্রথম এবং তৃতীয় বৃত্তিকালে বেলা ৯টা থেকে ১০টা পর্যন্ত। যে কোন বিষয়ে পরামর্শ করতে পারবেন। ক্লাস চ্লাকালীন শিক্ষক শিক্ষিকাদের কোন রুক্ম বিরুদ্ধ করা চলবে না।
- ১০। ছাত্র-ছাত্রীগণকে সাধ্যমত নিজ নিজ টিফিন আনতে হবে। টিফিনের মান অতি সাধারণ হওয়াই বাঞ্ছনীয়।
- ১১। বিদ্যালয় সংক্রান্ত যাবতীয় বিষয় নোটিশ বোর্ডে যথা সময়ে বিজ্ঞাপিত করা হবে। এছাড়া প্রত্যেক ছাত্র-ছাত্রীর নিজস্ব দিন পঞ্জিকাতেও কিছু কিছু উল্লেখ থাকবে। অভিভাবকগণ যেন এ বিষয়ে সর্তক থাকেন।
- ১৩। প্রতি শিক্ষাবর্ষে একটা ব্রেমাসিক, একটা মান্নাসিক ও একটা বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হবে, এছাড়া প্রতি বিষয়ে ক্লাস টেস্ট নেওয়া হবে।
- ১৪। প্রত্যেক অভিভাবককে বিদ্যালয়ের সাথে যোগাযোগ রাখা বাঞ্ছনীয়।
- ১৫। প্রতি তিন মাস অন্তর বিদ্যালয়ে অনুষ্ঠিত সভায় অভিভাবকগণের উপস্থিতি বাধ্যতামূলক।
- ১৬। উপরোক্ত নিয়মাবলী যথাযথ ভাবে পালন না করলে বিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্র-ছাত্রীদের প্রয়োজন বোধে লঘু শাস্তি দান এমনকি বহিকার করতে পারে। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।
- ১৭। স্বামী বিবেকানন্দ বৈদিক শিক্ষা ও মিয়মানুবর্তীতাই এই বিদ্যালয়ের মূল ভাবাদর্শ। এর সঠিক প্রয়োগ ছাত্র-ছাত্রীদের শ্রদ্ধালী মনোভাব একান্ত কাম্য।
- ১৮। মোবাইল নয়ের পরিবর্তন করলে বিদ্যালয়ের অফিসে পরিবর্তিত নয়ের নথিভুক্ত করান।